গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
রংপুর সদর, রংপুর
usso.rangpursadar.dss@gmail.com

স্মারক নং৪১.০১.৮৫৪৯.০০০.১৬.০০১.২৬ - ২৬৭ তারিখ : ২২/০৭/২০২৬খ্রিঃ

**ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়নে**
**স্বেচ্ছাসেবক তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার তালিকাভূক্তির বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় ''ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬'' এর আলোকে দেশব্যাপী আগামী ''১লা আগষ্ট ২০২৬ থেকে ১৪ ই সেপ্টেম্বর ২০২৬'' পর্যন্ত শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ফ্যামিলি কার্ড সর্ম্পকিত তথ্য সংগ্রহের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠণের লক্ষ্যে শুধু মাত্র রংপুর সদর উপজেলার তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটির সভাপতির নির্দেশক্রমে স্থায়ী নাগরিকগণের নিকট হতে বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ঠ্য |
|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী | ১। ন্যুনতম এইচএসসি বা সমমান পাস<br>২। বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>৩। ট্যাবলেট/স্মার্টফোন ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা এবং<br>ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>৪। সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সর্ম্পকে ভাল জ্ঞান<br>৫। বাংলায় সাবলীল ভাবে পড়তে,লিখতে ও কথা বলতে সক্ষম<br>৬। শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সক্ষম। | আবেদনকারী ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত, সরকারি বা আধা-সরকারি সংস্থার নিয়মিত বেতনে কর্মরত থাকলে, পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত ব্যক্তির আবেদন করার প্রয়োজন নাই। | ১। নারী প্রার্থী ৫০%<br>২। স্নাতক বা তদুর্দ্ধ ডিগ্রীধারী<br>৩। পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা। |
| ২ | সুপারভাইজার | ১। ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫ বছর<br>২। ট্যাবলেট/স্মার্টফোন ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা এবং ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর<br>৩। তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>৪। দলনেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | | |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান ক)** উপজেলা সমাজসেবা কার্যালয়, রংপুর সদর রংপুর অথবা ওয়েবসাইটে পাওয়া যাবে লিংক https://dss.rangpursadar.rangpur.gov.bd
**আবেদন ফরম দাখিলের স্থানঃ ক)** উপজেলা সমাজসেবা কার্যালয়, রংপুর সদর রংপুর ।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | **২১/০৭/২০২৬খ্রিঃ হতে ২৩/০৭/২০২৬ খ্রিঃ (সকাল ৯.০০ টা হতে দুপুর ৪.০০ টা পর্যন্ত)** | **২১/০৭/২০২৬খ্রিঃ হতে ২৩/০৭/২০২৬ খ্রিঃ (সকাল ৯.০০ টা হতে দুপুর ৪.০০ টা পর্যন্ত)** | **২৫/০৭/২০২৬ খ্রিঃ সকাল ১০.০০ টা** |

শর্তাবলীঃ

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণাবেক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

শিখা রানী রায়
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রংপুর সদর রংপুর ।

স্মারক নং৪১.০১.৮৫৪৯.০০০.১৬.০০১.২৬

তারিখ : ২১/০৭/২০২৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, রংপুর-০৩ রংপুর সদর রংপুর।
২। জেলা প্রশাসক,রংপুর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ রংপুর সদর রংপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর রংপুর।
৬। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা রংপুর সদর রংপুর।
৭। সদস্য--------------------------------------------ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারীর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, রংপুর সদর রংপুর।
৮। সদস্য--------------------------------------------ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারীর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, রংপুর সদর রংপুর।
৯। উপজেলা------------------------------------------কর্মকর্তা, রংপুর সদর রংপুর।
১০। অফিস কপি।